



AOL ASSIGNMENT-01

Course Code: AOL 131

Course Title: Art Of Living

Submitted by:

Name: Md.Safat Rezanur Majumder

ID: 211-15-4017

Department: CSE

Section: PC-A

Daffodil International University

Submitted to:

Muhammad Sajidul Islam

Lecturer

Dept. of GED

Daffodil International University

Submission Date:

19-10-2021

শিক্ষার মাইন্ডসেটে প্রয়োজন যে পরিবর্তন

"প্রত্যেকেই প্রতিভাবান। কিন্তু যদি আপনি একটি মাছকে তার গাছে ওঠার ক্ষমতা দিয়ে বিচার করেন, তাহলে সে তার সারা জীবন বিশ্বাস করবে যে একটি নির্বোধ।" -এর্লবার্ট আইনস্টাইন।

প্রচলিত ধারণামতে, শিক্ষা বলতে বোঝানো হয়, জীবিকা নির্বাহের জন্য প্রয়োজনীয় জ্ঞান। এই ধারণা নিতান্তই ঠুনকো। শিক্ষা হলো মনের ঔষধ, বিকাশ লাভের অবলম্বন। গ্রিক দার্শনিক এরিস্টটল শিক্ষার প্রয়োজনীয়তা বলতে, "একটি সুস্থ শরীরে একটি সুস্থ মনের সৃষ্টি" বুঝিয়েছিলেন।

১৮ কোটি জনসংখ্যার দেশ বাংলাদেশ। জনসংখ্যার ঘনত্বের দিক থেকে আমাদের দেশ বিশ্বে অনেক এগিয়ে থাকলেও শিক্ষা কিংবা শিক্ষিত জনশক্তি সৃষ্টির দিক থেকে আমাদের দেশের চিত্র আশংকাজনক ভাবে খারাপ। এটাই আমাদের কষ্টকর সত্য।

সন্তান বড় হয়ে তার পিতা-মাতার পেশায় যোগ দিবে - উপমহাদেশে এমন আল্লাদজনক ধারণা বিদ্যমান। একজন উকিল কিংবা ডাক্তারের সন্তানের কাছে এই ধারণা আল্লাদজনক মনে হলেও একজন কুলি কিংবা দিনমজুরের সন্তানের কাছে ইহা নিতান্তই বাস্তবতা। যাইহোক, এই ফ্যামিলি কালচার যে আমাদের উপমহাদেশে প্রচলিত তা অনস্বীকার্য।

মনের ইচ্ছা, আকাঙ্ক্ষা শিক্ষা গ্রহণে বিশাল ভূমিকা পালন করে। কেউ ইচ্ছার বিরুদ্ধে ডাক্তারি পড়ে মানুষের চিকিৎসা দেওয়ান ব্যর্থ হয়। আবার কেউ মনের তৃষ্ণা মেটানোর জন্য একাধিক আন্ডারগ্রাডুয়েট বা মাস্টার্স ডিগ্রি লাভ করে। সেজন্য দক্ষতা অর্জন হয়না সঠিক ভাবে। নিজের কাজের প্রতি ভালোবাসা জন্মায় না। মনের ভালোবাসাবোধ, ইচ্ছা-আকাঙ্ক্ষা তথা মাইন্ডসেট কোন বিষয়ে দক্ষতা তৈরির পূর্বশর্ত। আমাদের দেশের অর্থনীতিক দুর্ভাবতার অন্যতম কারন হলো দক্ষ জনশক্তির অভাব। অথচ রাজধানী সহ সারা দেশেই ব্যাঙ্গের ছাতার মতে গড়ে উঠেছে শিক্ষা প্রতিষ্ঠান। মনের ইচ্ছা না থাকলে ব্যাভের বারিতে আর যাই হোক একজন ছাত্র শিক্ষিত হয় না তা আমাদের দেশের শিক্ষকরা এখনো অনুধাবন করতে পারে নাই। ফলস্বরূপ, নতুন প্রজন্ম পড়ালেখা বলতে বুঝে মুখস্থ বুলি আউড়ানো।

বাংলাদেশের গার্মেন্টস শিল্পে ব্যাপক সম্ভাবনা থাকলেও নেই শিক্ষিত প্রকৌশলি তথা জনশক্তি। যার জন্যে টাকা দিয়ে বিদেশ থেকে দক্ষ জনশক্তি আমদানি করতে হচ্ছে এবং তারাই আমাদের লভ্যাংশ নিয়ে যাচ্ছে। আর আমরা পাচ্ছি হাঁড়ির নিচে পরে থাকা কানাকুড়ি।

বাংলাদেশ পৃথিবীর বুকে উঠে দাঁড়াতে চাইলে দরকার শিক্ষিত জনশক্তি। শিক্ষিত জনশক্তি সৃষ্টিতে মাইন্ডসেট পরিবর্তন অত্যাবশ্যিক। তাই সবার প্রথমে চাই মাইন্ডসেট করা। একমাত্র এই পন্থা অনুসরণ করেই বাংলাদেশ তার গন্তব্যস্থলে পৌঁছাতে সক্ষম হবে।